গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## বাংলাদেশ জাতীয় অধ্যাপক নিয়োগ নীতিমালা-২০২৩

বাংলাদেশ জাতীয় অধ্যাপক পদ প্রবর্তনের জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়নের সুপারিশ করা হলো:

২। সংক্ষিপ্ত শিরোনাম: এই নীতিমালা বাংলাদেশ জাতীয় অধ্যাপক নিয়োগ নীতিমালা-২০২৩ বলিয়া অভিহিত হইবে।

৩। নিয়োগ: জাতীয় অধ্যাপক পদে নিয়োগের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এ নীতিমালার অনুচ্ছেদ-৪ এর আলোকে মনোনয়ন কমিটির নিকট প্রতিটি পদের বিপরীতে ০৩ (তিন) জন করে যোগ্য ব্যক্তির নাম প্রস্তাব করিবে এবং মনোনয়ন কমিটি প্রস্তাবিত ব্যক্তিবর্গের মধ্য হইতে জাতীয় অধ্যাপক পদে নিয়োগের জন্য মনোনয়ন দান করিবে। মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনের জন্য এই মনোনয়ন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক তাঁহার নিকট পেশ করা হইবে। মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনের পর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় নিয়োগ পত্র জারি করিবে।

৪। মনোনয়ন কমিটি: মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে মনোনয়ন কমিটি নিম্নরূপভাবে গঠিত হইবে:

| | | |
|---|---|---|
| ১। | মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | চেয়ারম্যান |
| ২। | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত দুইজন মন্ত্রী | সদস্য |
| ৩। | সরকারি বিশ্ববিদ্যালয়ের একজন উপাচার্য | সদস্য |

৫। নিয়োগের শর্তাবলী:

(ক) নিয়োগ লাভের যোগ্যতা: উচ্চ যোগ্যতা সম্পন্ন প্রথিতযশা অধ্যাপক যিনি জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে তাঁহার গবেষণা ও ব্যুৎপত্তির জন্য স্বীকৃতি লাভ করিয়াছেন এবং জাতীয় ক্ষেত্রে বিশেষ অবদান রাখিয়াছেন। এছাড়াও যিনি নিজেকে সক্রিয়ভাবে গবেষণায় রত রাখিতে সক্ষম, সেই ধরণের অধ্যাপক এই পদের জন্য নির্বাচিত হইবেন। একই সময়ে অনধিক চারজনকে জাতীয় অধ্যাপক পদে নিয়োগ করা যাইবে।

(খ) বয়সসীমা: অনাধিক ৭৫ বৎসর বয়স্ক যোগ্য অধ্যাপক উল্লিখিত পদের জন্য মনোনীত হইবেন। তবে মনোনয়ন কমিটি বিশেষ যোগ্যতাসম্পন্ন অধ্যাপকের ক্ষেত্রে এই বয়সসীমা শিথিল করিতে পারিবে।

(গ) পদের সময়সীমা: জাতীয় অধ্যাপক পাঁচ বৎসরের জন্য নিয়োগপ্রাপ্ত হইবেন। তবে মনোনয়ন কমিটির সুপারিশের ভিত্তিতে মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে দ্বিতীয় মেয়াদে নিয়োগ প্রদান করা যাইতে পারে। মহামান্য রাষ্ট্রপতি যে কোন সময় নিয়োগ আদেশ বাতিল করিতে পারিবেন।

চলমান পাতা/-২

৬। দায়িত্ব ও সুবিধাদি:

(ক) জাতীয় অধ্যাপক সরকারি কর্মকর্তা হিসাবে বিবেচিত হইবেন না। তিনি কোন গবেষণা সংস্থা বা শিক্ষায়তনের সহিত সংশ্লিষ্ট থাকিয়া নিজের পছন্দমত ক্ষেত্রে গবেষণামূলক কাজ করিবেন এবং তিনি তাঁহার গবেষণা কাজের ক্ষেত্র বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে অবহিত করবেন।

(খ) জাতীয় অধ্যাপক যে গবেষণা সংস্থা বা শিক্ষা প্রতিষ্ঠানের সহিত সংযুক্ত থাকিবেন সেই সংস্থা বা শিক্ষা প্রতিষ্ঠানের নিকট তাহার শিক্ষা/গবেষণামূলক কাজের অগ্রগতির বার্ষিক প্রতিবেদন পেশ করিবেন। সংশ্লিষ্ট সংস্থা/শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান'কে তাঁহার কাজের অগ্রগতি সম্বন্ধে অবহিত রাখিবেন এবং গবেষণালব্ধ ফলাফল বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করিবেন। কমিশন গবেষণালব্ধ ফলাফল প্রয়োগের উদ্যোগ গ্রহণ করিবে।

(গ) জাতীয় অধ্যাপক বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাধ্যমে সম্মানী গ্রহণ করিবেন। তিনি যে গবেষণা সংস্থা/প্রতিষ্ঠানের সহিত সংযুক্ত থাকিবেন সেই সংস্থা/প্রতিষ্ঠান হইতে শিক্ষা/গবেষণামূলক কাজ করিবার প্রয়োজনীয় সুযোগ সুবিধা পাইবেন।

(ঘ) জাতীয় অধ্যাপক পদে অধিষ্ঠিত থাকাকালীন তাঁহার যে সমস্ত বই পুস্তক ছাপানো হইবে তাহা হইতে প্রাপ্ত সকল সুবিধাদি তিনি প্রাপ্য হইবেন।

(ঙ) জাতীয় অধ্যাপক পদে অধিষ্ঠিত থাকাকালীন তিনি সরকারের পূর্বানুমতি গ্রহণ করিয়া বিদেশে যে কোন বিশ্ববিদ্যালয়ে ভ্রাম্যমান অধ্যাপক (Visiting professor) হিসাবে অধ্যাপনা করিতে পারিবেন।

৭। সম্মানী:

(ক) জাতীয় অধ্যাপকগণ জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী সরকারের সচিব এর বেতনের সমপরিমাণ ৭৮,০০০/- টাকা (নির্ধারিত) মাসিক ভিত্তিতে সম্মানী হিসেবে গ্রহণ করিবেন।

(খ) যদি এমন কোন অধ্যাপক'কে জাতীয় অধ্যাপক নিয়োগ করা হয় যিনি কোন প্রতিষ্ঠানে চাকুরীতে কর্মরত আছেন তবে তিনি তাঁহার ইচ্ছানুযায়ী চাকুরীতে থাকাকালীন তাঁহার উল্লিখিত পদের বেতন ভাতা অথবা জাতীয় অধ্যাপক পদের সম্মানীর যে কোন একটি গ্রহণ করিতে পারিবেন।

৮। বাংলাদেশ জাতীয় অধ্যাপক নিয়োগ, শর্তাবলী ও সুবিধাদি সিদ্ধান্তমালা-১৯৮১ এর বিধান অনুযায়ী নিয়োজিত জাতীয় অধ্যাপকগণ বাংলাদেশ জাতীয় অধ্যাপক নিয়োগ নীতিমালা-২০২৩ এর আওতাভুক্ত হইবেন।

৯। এই নীতিমালা-২০২৩ জারী হওয়ার সংগে সংগেই শিক্ষা মন্ত্রণালয়ের বাংলাদেশ জাতীয় অধ্যাপক নিয়োগ, শর্তাবলী ও সুবিধাদি সিদ্ধান্তমালা, ১৯৮১ সহ এতদসংক্রান্ত সকল পরিপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

*স্বাক্ষরিত/-*
১৮/১২/২০২৩
(সোলেমান খান)
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

চলমান পাতা/-৩

নং ৩৭.০০.০০০০.০৭৮.২২.০০১.২০২১-৪৬৮/১(১৪) তারিখ: ০৩ পৌষ ১৪৩০ / ১৮ ডিসেম্বর ২০২৩

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ১ মিন্টো রোড, ঢাকা-১০০০।
৬. অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, নীলক্ষেত, ঢাকা।
৮. যুগ্মসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ১ মিন্টো রোড, ঢাকা-১০০০।
১১. পরিচালক (পাবলিক বিশ্ববিদ্যালয়), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
১২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার অনুরোধসহ)।
১৫. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (নীতিমালাটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

১৮/১২/২০২৩

(ড. মোঃ ফরহাদ হোসেন)
উপসচিব